




একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
দিনাজপুর অঞ্চল দিনাজপুর।
www.lged.gov.bd



স্মারক নং-৪৬.০২.০০০০.১৫০.৯৯.১৩৮.২৩-৩৮০

তারিখ: ০২/০৭/২০২৩ইং।

প্রতি

নির্বাহী প্রকৌশলী

এলজিইডি

জেলা: দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/নীলফামারী।

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ক্রয়কার্য সম্পাদনের জন্য তালিকাভুক্ত ঠিকাদার নবায়ন এবং আগ্রহী নতুন ঠিকাদার তালিকাভুক্তসহ বিদ্যমান তালিকা হালনাগাদ করণ প্রসঙ্গে।


সূত্র: ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৮৫৩, তারিখ: ০৬/১০/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ক্রয়কার্য সম্পাদনের জন্য তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স আগামী ৩১/০৮/২০২৩খ্রি: পর্যন্ত নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে গ্রহণপূর্বক নবায়ন সম্পন্ন করে আগামী ০৭/০৯/২০২৩খ্রি: তারিখের মধ্যে নবায়নকৃত তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী তালিকাভুক্তি নবায়ন ফির উপর ভ্যাট আদায় করতে হবে। উল্লেখ্য লাইসেন্স নবায়ন করার পূর্বে ঠিকাদারের বিগত বছরের পারফরমেন্স (মানসম্মত কাজ করেছে কিনা, নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত করেছে কিনা, চলমান কাজসমূহ সরেজমিনে চালু রেখেছে কিনা) পর্যালোচনা করে সন্তোষজনক প্রতীয়মান হলে নবায়ন করার সুযোগ দিতে হবে নতুবা নবায়ন করার সুযোগ পাবে না।

আগ্রহী নতুন তালিকাভুক্তি করার চাহিদা থাকলে বিধি ৫২(৩) (খ) অনুযায়ী পত্রিকায় নির্ধারিত ছকে বিজ্ঞাপন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদনপত্র ও আনুসঙ্গিক কাগজ-পত্রের ভিত্তিতে জেলা তালিকাভুক্তির কমিটির মাধ্যমে মূল্যায়ন করতে হবে। অতঃপর কার্যবিবরণীতে বিজ্ঞপ্তি প্রদানের তথ্য উল্লেখপূর্বক পেপার কাটিং ও সুপারিশসহ প্রস্তাবিত তালিকা অনুমোদনের জন্য আগামী ০৭/০৯/২০২৩খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য নতুন অনুমোদিত ঠিকাদারকে নির্ধারিত হারে [(৫০০০.০০ (পাঁচ হাজার টাকা)] ফি প্রদান করে তালিকাভুক্ত হতে হবে। তালিকাভুক্ত ঠিকাদারগণ কেবলমাত্র দিনাজপুর অঞ্চলের সংশ্লিষ্ট জেলাগুলোর প্রকাশিত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন অর্থাৎ এক জেলার তালিকাভুক্ত ঠিকাদার অন্য কোন জেলায় দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই। উল্লেখ্য যে, বিধি ৪৬(৬) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি (সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পুনঃ নির্ধারিত) টাকার অভ্যন্তরীণ কার্যক্রমের ক্ষেত্রে তালিকাভুক্তি হতে ইচ্ছুক আগ্রহী ঠিকাদারগণের অতীতে সম্পাদিত ক্রয়কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হবে না।

নবায়ন কিংবা নতুন তালিকাভুক্তি ব্যতিত কোন ঠিকাদার সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। সুতরাং বর্ণিত বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(বি:দ্র: আবেদন পত্রের সঙ্গে দাখিলকৃত আনুসঙ্গিক কাগজ-পত্রের সত্যায়িত ফটোকপি সমূহ যাচাইয়ের জন্য প্রয়োজনে মূল কাগজ-পত্রাদি সরবরাহ করত হবে)।


(এ বি এম রেজাউল বারী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:)

ফোন: ০২-৫৮৮৮১৭৫৪৫

ই-মেইল: se.dinajpur@lged.gov.bd

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। উপজেলা প্রকৌশলী, উপজেলা:.....জেলা: দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/নীলফামারী।